

কস্টমস, এক্সাইজ ও ট্যাট কমিশনারেট রংপুর।	
অতিঃ কমিশনার	যশস্বিনী সরকার
উপঃ কমিশনার	সুজিতা প্রমোদ
জনপ্রশাসন	গোপনীর
মুসলিম হাতিবায়ন	মুসলিম হাতিবায়ন
ট্যাট ও ট্যাট স্ব.	মুসলিম হাতিবায়ন
পরিসংখ্যান	হিসাব ও কন্ট্রোল
বন্ধ	লাইসেন্স নম্বর
কস্টমস ও PCA	নিলাম ব্যবস্থাপনা
সাধারণ	পরিদর্শন
আইন ও বিচার	অডিট
বকেয়া ও রিকভ	অর্থ: খনিজ ও শিল্প
ডক্ট নং-	চলমান বৈধিক অস্থিতিশীল পরিস্থিতি মোকাবেলায় মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনার আলোকে বিদ্যুৎ খাতে ২৫% ও জ্বালানী
তারিখ: ২৭/৭/২২	খাতে ২০% সাশ্রয়সহ প্রযোজ্য সকল ক্ষেত্রে সরকারী অর্থ সাশ্রয়ের লক্ষ্যে নির্দেশক্রমে নিম্নোক্ত মিতব্যয়িতা চর্চার

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
রাজস্ব ভবন
সেগুনবাগিচা, ঢাকা-১০০০।
www.nbr.gov.bd

তারিখ: ১০ শ্রাবণ, ১৪২২ বঙ্গাব্দ
২৫ জুলাই, ২০২২ খ্রিস্টাব্দ

বিদ্যুৎ ও জ্বালানী খরচসহ প্রযোজ্য সকল ক্ষেত্রে সরকারী অর্থ সাশ্রয়ের লক্ষ্যে অফিসসমূহে মিতব্যয়িতা চর্চার প্রতিপালন প্রসঙ্গে।

চলমান বৈধিক অস্থিতিশীল পরিস্থিতি মোকাবেলায় মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনার আলোকে বিদ্যুৎ খাতে ২৫% ও জ্বালানী খাতে ২০% সাশ্রয়সহ প্রযোজ্য সকল ক্ষেত্রে সরকারী অর্থ সাশ্রয়ের লক্ষ্যে নির্দেশক্রমে নিম্নোক্ত মিতব্যয়িতা চর্চার নির্দেশনা প্রদান করা হলোঃ

- ০১। অফিস কক্ষে অবস্থান না করলে কক্ষের বৈদ্যুতিক পাখা, বাতি, এসি, টেলিভিশন ইত্যাদি যন্ত্র বন্ধ (Switch off) নিশ্চিত করতে হবে।
- ০২। বৈদ্যুতিক বাতি ব্যবহারের ক্ষেত্রে সর্বোচ্চ মিতব্যয়িতা নিশ্চিত করতে হবে। অফিস কক্ষ, অফিস করিডোর, সম্মেলন কক্ষসহ সকল প্রযোজ্য ক্ষেত্রে যৌক্তিকতার নিরিখে অনাবশ্যক বাতি না জ্বালানো নিশ্চিত করতে হবে।
- ০৩। এসি এর তাপমাত্রা ২৫ ডিগ্রি সেলসিয়াসের নিচে রাখা যাবে না।
- ০৪। অপ্রয়োজনীয় আলোকসজ্জা পরিহার করতে হবে।
- ০৫। গাড়ির জ্বালানী খরচ কমানোর জন্য গাড়িতে এসির ব্যবহার নিয়ন্ত্রণ করতে হবে।
- ০৬। গাড়ির অপ্রয়োজনীয় ব্যবহার পরিহার করতে হবে।
- ০৭। গাড়ির জ্বালানী বাবদ ব্যয় বিদ্যমান খরচ অপেক্ষা ২০ শতাংশ হ্রাস নিশ্চিতকরণের জন্য অফিস প্রধান নিয়মিত মনিটরিং নিশ্চিত করবে।
- ০৮। সকল মিটিং/সভাসমূহ যতদূর সম্ভব অনলাইন প্ল্যাটফর্মের মাধ্যমে (Zoom অ্যাপসহ অন্যান্য) সম্পন্ন নিশ্চিত করতে হবে।
- ০৯। জাতীয় রাজস্ব বোর্ডসহ আওতাধীন অফিসসমূহে কর্মরত কর্মচারীদের নিত্যন্ত অত্যাৱশ্যক না হলে বিদেশ ভ্রমণ নিরুৎসাহিত করতে হবে। জটিল রোগের ক্ষেত্রে বিশেষজ্ঞ চিকিৎসকের প্রত্যয়নে বিদেশে চিকিৎসার রেফারেন্স এর ভিত্তিতে চিকিৎসার জন্য বিদেশ ভ্রমণের বিষয়ে কর্তৃপক্ষ বিবেচনা করবে।
- ১০। দাপ্তরিক কাজের ক্ষেত্রে কাগজসহ অন্যান্য সরঞ্জামাদির-সর্বোচ্চ ও কাম্য ব্যবহার নিশ্চিত করতে হবে। (যেমন, কাগজের উভয় পৃষ্ঠায় প্রিন্ট করতে হবে এবং অপ্রয়োজনীয় প্রিন্ট পরিহার করতে হবে)
- ১১। বিদ্যুৎ খাতে ২৫% এবং জ্বালানী খাতে ২০% হ্রাসকরণের লক্ষ্যে একই সময়ের পূর্ববর্তী বছরের মাসসমূহকে ভিত্তি হিসাবে নির্ধারণপূর্বক এ অর্থ বছরের মাসসমূহের সাথে তুলনা করে উক্ত ব্যয় নিয়মিত মনিটরিং করতে হবে।
- ১২। মাঠ পর্যায়ের অফিসসমূহ রাজস্ব লক্ষ্যমাত্রা অর্জনে অর্থ বছরের শুরু থেকেই প্রয়োজনীয় কর্ম-পরিকল্পনা ও কার্যকর পদক্ষেপ গ্রহণ করবে।
- ১৩। প্রতিটি অফিসে নিজস্ব ক্রয় পরিকল্পনা পুনঃপর্যালোচনা করে রাজস্ব ব্যয় হ্রাসের উদ্যোগ গ্রহণে সচেষ্ট হবে।
- ১৪। প্রকল্প বাস্তবায়নের জন্য নির্ধারিত সময়ে প্রকল্প সমাপ্তসহ ধীরগতির প্রকল্পসমূহের বাস্তবায়নে বিশেষ দৃষ্টি দিতে হবে।

স্বা: ২৫/০৭/২২
(বশীর আহমেদ)
সদস্য (বোর্ড প্রশাসন)
ফোন : ৮৩৯১৪৮৪

২৫/৭
সেবা